পানি সম্পদ পরিকল্পনা সংস্থা
পানি সম্পদ মন্ত্রণালয়
ওয়ারপো ভবন, ৭২ গ্রিন রোড, ঢাকা।
www.warpo.gov.bd

স্মারক নং- ৪২.১০২.০০৬.১৫.০০.০১০.১৯৯২-১৬১৪ তারিখ: ০৮/০৬/২০২২ খ্রিস্টাব্দ।

**বিষয়ঃ পানি সম্পদ পরিকল্পনা সংস্থা (ওয়ারপো) এর কারিগরী কমিটির ৪র্থ সভার কার্যবিবরণী প্রেরণ প্রসঙ্গে।**

পানি সম্পদ পরিকল্পনা সংস্থা (ওয়ারপো) এর কারিগরী কমিটির ৪র্থ সভা বিগত ৩১ মে ২০২২ খ্রিস্টাব্দ রোজ মঙ্গলবার সকাল ১১:০০ ঘটিকায় ওয়ারপো সম্মেলন কক্ষে (কক্ষ নং-২০৬, ওয়ারপো ভবন, ৭২, গ্রিন রোড, ঢাকা) পরিকল্পনা কমিশন এর সম্মানিত সদস্য (সচিব), কৃষি, পানি সম্পদ ও পল্লী প্রতিষ্ঠান বিভাগ মহোদয়ের সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। উক্ত সভার কার্যবিবরণী অত্রসাথ সংযুক্ত করে প্রেরণ করা হল।

সংযুক্তিঃ বর্ণনামতে- ৪ পাতা।

( মোঃ দেলওয়ার হোসেন)
মহাপরিচালক (অতিরিক্ত সচিব)
ও
সচিব, ওয়ারপো কারিগরী কমিটি
ফোন: ৪৪৮১৯০০৬
ইমেইল: dg@warpo.gov.bd

সদয় অবগতি/ অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। সদস্য (সচিব), কৃষি, পানি সম্পদ ও পল্লী প্রতিষ্ঠান বিভাগ, পরিকল্পনা কমিশন, ঢাকা ও চেয়ারম্যান, ওয়ারপো কারিগরী কমিটি।
২। নির্বাহী চেয়ারম্যান, বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল, ফার্মগেট, ঢাকা ও সদস্য, ওয়ারপো কারিগরী কমিটি।
৩। প্রধান প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, কাকরাইল, ঢাকা ও সদস্য, ওয়ারপো কারিগরী কমিটি।
৪। অতিরিক্ত মহাপরিচালক (পরিকল্পনা), বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড, ঢাকা ও সদস্য, ওয়ারপো কারিগরী কমিটি।

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হল :

১। সিনিয়র সচিব, পানি সম্পদ মন্ত্রণালয়, ঢাকা।
২। মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, পানি সম্পদ মন্ত্রণালয় (মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়ের সদয় জ্ঞাত করণার্থে)।
৩। মাননীয় উপমন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, পানি সম্পদ মন্ত্রণালয় (মাননীয় উপমন্ত্রী মহোদয়ের সদয় জ্ঞাত করণার্থে)।

বিতরণ (কার্যার্থে):

১। পরিচালক (সকল), ওয়ারপো, ঢাকা।
২। সচিব, ওয়ারপো, ঢাকা।
৩। মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা (সকল), ওয়ারপো, ঢাকা।
৪। অফিস/মাস্টার কপি।

**পানি সম্পদ পরিকল্পনা সংস্থা (ওয়ারপো)**
**পানি সম্পদ মন্ত্রণালয়**
**গ্রীণরোড, ঢাকা।**

**বিষয়ঃ পানি সম্পদ পরিকল্পনা সংস্থা (ওয়ারপো) এর কারিগরি কমিটির ৪র্থ সভার কার্যবিবরণী।**

| | | |
|---|---|---|
| সভাপতি | : | সদস্য (সচিব), কৃষি, পানি সম্পদ ও পল্লী প্রতিষ্ঠান বিভাগ, পরিকল্পনা কমিশন। |
| সভার স্থান | : | ওয়ারপো সম্মেলন কক্ষ (ওয়ারপো ভবন, ৭২ গ্রীণরোড, ঢাকা)। |
| তারিখ ও সময় | : | ৩১ মে ২০২২, সকাল ১১:০০ টা। |
| বিষয় | : | পানি সম্পদ পরিকল্পনা সংস্থা (ওয়ারপো) এর কারিগরি কমিটির ৪র্থ সভা। |
| উপস্থিতি | : | পরিশিষ্ট 'ক' |

**২.০ প্রেক্ষাপটঃ**

২.১ সভাপতি মহোদয় উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভা শুরু করেন। এ পর্যায়ে, মহাপরিচালক, ওয়ারপো এবং কারিগরি কমিটির সদস্য-সচিব বলেন, পানি সম্পদ মন্ত্রণালয়ের অধীনস্ত পানি সম্পদ পরিকল্পনা সংস্থা (ওয়ারপো) প্রতিষ্ঠানটি পানি সম্পদ পরিকল্পনা আইন, ১৯৯২ (১৯৯২ সনের ১২ নং আইন) এর ধারা ৩ অনুযায়ী সৃষ্ট একটি বিধিবদ্ধ সংস্থা। সমগ্র দেশের পানি সম্পদের সমন্বিত ও টেকসই ব্যবস্থাপনা, ব্যবহার, উন্নয়ন, সুষম বন্টন, সুরক্ষা ও সংরক্ষণ ওয়ারপো'র মূল দায়িত্ব। ১৯৯২ সনে সংস্থাটি সৃষ্টির পর থেকে অদ্যাবধি পানি সম্পদের সামষ্টিক পরিকল্পনা প্রণয়ন এবং পানি সম্পদ সংশ্লিষ্ট বিভিন্ন জাতীয় দলিল যেমন- নীতি, আইন, বিধি, গাইডলাইন, কৌশল, কর্ম-পরিকল্পনা ইত্যাদি প্রণয়ন করে আসছে।

২.২ পানি সম্পদ পরিকল্পনা আইন, ১৯৯২ এর ধারা ১১ মোতাবেক পাঁচ সদস্যবিশিষ্ট একটি কারিগরি কমিটি রয়েছে। কমিটি'র মূল দায়িত্ব হচ্ছে, পানি সম্পদ উন্নয়নকল্পে মহাপরিকল্পনা প্রণয়ন, পানি সম্পদ উন্নয়ন ও ব্যবহারের বিষয়ে সংস্থাটিকে কারিগরি পরামর্শ প্রদান করা। বিগত ২৭ জানুয়ারি ২০১৪ তারিখে কমিটির ৩য় সভা অনুষ্ঠিত হয়। বর্তমানে ওয়ারপো পরিচালনার লক্ষ্যে কতিপয় গুরুত্বপূর্ণ বিষয়ে সিদ্ধান্ত গ্রহণের লক্ষ্যে ৪র্থ সভা আহ্বান করা হয়েছে।

**৩.০ আলোচনাঃ**

৩.১ ওয়ারপো'র মহাপরিচালক কারিগরি কমিটির ৩য় সভার কার্যবিবরণী পাঠ করেন এবং কার্যবিবরণীটির ওপর সকলে মতামত প্রকাশ করেন। আলোচনা মোতবেক কার্যবিবরণীর ৩(ক) সিদ্ধান্তে সংশোধনী সাপেক্ষে কার্যবিবরণীটি দৃঢ়ীকরণের সুপারিশ করা হয়।

৩.২ সভায় কারিগরি কমিটির ৩য় সভায় গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা করা হয়। ২০১৪ সালের পর বিগত আট বৎসরের মধ্যে কারিগরি কমিটির কোন সভা অনুষ্ঠিত না হওয়ায় উদ্বেগ প্রকাশ

করা হয় এবং সংস্থার কাজে গতিশীলতা আনয়নের জন্য নিয়মিতভাবে কারিগরি কমিটির সভা আহ্বানের পরামর্শ দেয়া হয়।

৩.৩ ওয়ারপো মহাপরিচালক বলেন, পানি সম্পদের সমন্বিত উন্নয়ন, ব্যবস্থাপনা, আহরণ, বিতরণ, ব্যবহার, সুরক্ষা ও সংরক্ষণের লক্ষ্যে সরকার বাংলাদেশ পানি আইন, ২০১৩ হতে অনুমোদন করা হয়েছে। এই আইনের ধারা ১৬ ও ১৯ মোতাবেক পানি সংশ্লিষ্ট উন্নয়ন প্রকল্প গ্রহণের পূর্বে ওয়ারপো-এর ছাড়পত্র গ্রহণ এবং ভূগর্ভস্থ পানি উত্তোলনের ক্ষেত্রে অনাপত্তিপত্র ওয়ারপো থেকে গ্রহণ বাধ্যতামূলক। এমতাবস্থায়, উন্নয়ন প্রকল্প অনুমোদনের ক্ষেত্রে বাংলাদেশ পানি আইন, ২০১৩ ও বাংলাদেশ পানি বিধিমালা, ২০১৮ মোতাবেক ছাড়পত্র/ অনাপত্তিপত্র গ্রহণপূর্বক প্রক্রিয়াকরণের বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়।

৩.৪ মহাপরিচালক জানান, বিগত ০৫ জানুয়ারি ২০২২ তারিখে জাতীয় পানি সম্পদ পরিষদের নির্বাহী কমিটির ১৭তম সভায় পানি আইন, ২০১৩ এবং বাংলাদেশ পানি বিধিমালা, ২০১৮ অনুযায়ী বাণিজ্যিকভাবে ভূ-গর্ভস্থ পানি উত্তোলনকারী/ ব্যবহারকারীদের নিকট থেকে পানির মূল্য বিবেচনায় গ্রহণযোগ্য একটি রাজস্ব আদায়ের বিষয়ে নীতিমালা ও কর্ম-পরিকল্পনা প্রণয়ণের সিদ্ধান্ত গৃহীত হয়েছে। সভায় পানি সম্পদ খাতের সাথে জড়িত বিভিন্ন সেক্টরে সরকারি ও বেসরকারি সংস্থা/ব্যক্তির ভূগর্ভস্থ পানি উত্তোলনকারীদের নিকট থেকে পানির মূল্য আদায় পদ্ধতি নির্ধারণের নীতিগত সম্মতির জন্য সুপারিশ গৃহীত হয়।

৩.৫ ওয়ারপো কর্তৃক প্রদত্ত সেবার বিপরীতে সরকারি-বেসরকারি ব্যক্তি ও সংস্থা থেকে ফি বা সেবামূল্য আদায় করার লক্ষ্যে প্রস্তাবিত খসড়া ফি ও আদায় পদ্ধতির ওপর সভায় আলোচনা হয়। সভায় জানানো হয় যে, গত ০৪ এপ্রিল ২০২২ তারিখে এ বিষয়ে ওয়ারপো কর্তৃক পানি সম্পদ মন্ত্রণালয়ে একটি পত্র প্রেরণ করা হয়েছে। উক্ত খসড়া ফি এর ওপর উপস্থিত সকলে আলোচনা করেন এবং ফি নির্ধারণে বোর্ডের অনুমোদন গ্রহণের সুপারিশ করা হয়।

৩.৬ ওয়ারপো'র মহাপরিচালক জানান, বাংলাদেশ পানি আইন, ২০১৩ অনুযায়ী মাননীয় প্রধানমন্ত্রীর সভাপতিত্বে গঠিত 'জাতীয় পানি সম্পদ পরিষদ' দেশের পানি সম্পদ খাতের সর্বোচ্চ নীতি-নির্ধারণী কর্তৃপক্ষ। পরিষদের কার্যাবলী সুষ্ঠুভাবে পরিচালনার জন্য আইনের ধারা ৯ অনুসারে পানি সম্পদ মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী মহোদয়ের সভাপতিত্বে একটি নির্বাহী কমিটি গঠিত আছে। কমিটির ১৭তম সভায় গৃহীত সিদ্ধান্তসমূহ বাস্তবায়নের বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। সভায় জানান হয় যে, কমিটির সিদ্ধান্তসমূহ বাস্তবায়ন অগ্রগতি ত্রৈমাসিক ভিত্তিতে পানি সম্পদ মন্ত্রণালয়ে প্রেরণ করা সমীচীন হবে।

৩.৭ ওয়ারপো'র মহাপরিচালক জানান, জাতীয় পানি সম্পদ পরিষদ এর নির্বাহী কমিটির ১৭তম সভার সিদ্ধান্ত নং- (দ) মোতাবেক কারিগরী কমিটির কর্মপরিধি পর্যালোচনাপূর্বক কারিগরী কমিটি পুনর্গঠন করা আবশ্যক।

৩.৮ সভাপতি বাংলাদেশ পানি আইন, ২০১৩ বাস্তবায়নে ওয়ারপো কর্তৃক গৃহীত বিভিন্ন কার্যক্রম সন্তোষ প্রকাশ করে সংশ্লিষ্ট সকল সরকারি-বেসরকারি সংস্থা ও ব্যক্তিকে আরো সচেতর করার লক্ষ্যে অধিকতর প্রচার-প্রচারণা কার্যক্রম অব্যাহত রাখা এবং গৃহীত কার্যক্রমে নিবিড় পর্যবেক্ষণ ও তদারকির পরামর্শ দেন। সভায় বিদ্যুৎ উৎপাদন এবং তৈরি পোশাক কারখানায় অধিক পানি ব্যবহার করা হচ্ছে বলে উদ্বেগ প্রকাশ করা হয়।

৩.৯ বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিলে-এর নির্বাহী চেয়ারম্যান ড. শেখ মোহাম্মদ বখতিয়ার বলেন, বাংলাদেশ পানি আইন, ২০১৩ মোতাবেক ওয়ারপো'র সেবাসমূহ অনলাইনের মাধ্যমে প্রদান করতে হবে। তিনি বাংলাদেশ পানি বিধিমালা, ২০১৮ এর তফসিলে সংযুক্ত ফরমসমূহ পর্যালোচনা করে তা সহজীকরণের পরামর্শ দেন।

৩.১০ জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর-এর প্রধান প্রকৌশলীর পক্ষে জনাব মোঃ সাইফুর রহমান, তত্ত্বাবধায়ক প্রকৌশলী (ভূ-গর্ভস্থ পানি সার্কেল) বলেন, বাংলাদেশ পানি বিধিমালা, ২০১৮ এর বিধি ২৯ এর দফা (ক) তে অগভীর নলকূপ দ্বারা সর্বোচ্চ ০.৫ কিউসেক পানি কৃষি কাজের পাশাপাশি গৃহস্থালি কাজের জন্যও উত্তোলনে অনাপত্তি গ্রহণ হইতে অব্যহতি প্রদান করতে হবে।

৩.১১ সভাপতি ওয়ারপো-এর জাতীয় পানি সম্পদ উপাত্তভান্ডার অধিকতর সমৃদ্ধ করার লক্ষ্যে বিভিন্ন সরকারি সংস্থাকে ডাটা শেয়ার করার অনুরোধ করে পত্র প্রেরণের পরামর্শ দেন এবং প্রয়োজনে ডাটা শেয়ারিং এগ্রিমেন্ট (এমওইউ) করার সুপারিশ করেন। এ পর্যায়ে, তত্ত্বাবধায়ক প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর ডাটাসমূহ ওপেন না রাখার জন্য অনুরোধ করেন।

**৪.০ সিদ্ধান্তসমূহঃ**

৪.১ কারিগরি কমিটির ৩য় সভার আলোচ্যসূচী-৩ এ বর্ণিত সংস্থার আয়ন ও ব্যয়ন কর্মকর্তার সংজ্ঞা ব্যতীত অবশিষ্ট সিদ্ধান্তসমূহ দৃঢ়ীকরণ করা হয়।

৪.২ পানি আইনে ৩(ক) দফার '২ নং ক্রমিকে (জ) "সংস্থার মহাপরিচালক আয়ন ও ব্যয়ন কর্মকর্তা হিসাবে সম্পূর্ণ ক্ষমতাবান হইবে" এর পরিবর্তে "সংস্থার মহাপরিচালক বা তৎকর্তৃক ক্ষমতাপ্রাপ্ত কোন কর্মকর্তা আয়ন ও ব্যয়ন কর্মকর্তা হিসাবে কর্তৃকপ্রাপ্ত হবেন" মর্মে প্রতিস্থাপনের জন্য সুপারিশ করা হয়।

৪.৩ প্রতি ছয় মাস অন্তর কারিগরী কমিটির সভা আয়োজন করতে হবে।

৪.৪ বাংলাদেশ পানি আইন, ২০১৩ এর বিধান অনুসারে পরিকল্পনা বিভাগ এবং সংশ্লিষ্ট সকল মন্ত্রণালয় ও সংস্থাকে পানি সংশ্লিষ্ট উন্নয়ন প্রকল্প গ্রহণের পূর্বে ওয়ারপো'র ছাড়পত্র/অনাপত্তিপত্র গ্রহণের বাধ্যবাধকতার বিষয়ে অবহিত করে পত্র প্রেরণ করতে হবে এবং তা কার্যকরভাবে বাস্তবায়নের জন্য আলোচনা ও মত বিনিময় অব্যাহত রাখতে হবে।

৪.৫ বাংলাদেশ পানি আইন, ২০১৩ মোতাবেক প্রকল্প ছাড়পত্র/অনাপত্তিপত্র গ্রহণপূর্বক প্রস্তাবিত পিইসি সভায় উত্থাপনের বিষয়টি পরিকল্পনা কমিশন এর কৃষি, পানি সম্পদ ও পল্লী প্রতিষ্ঠান বিভাগ বিবেচনায় নিবেন। পরিকল্পনা কমিশনের অন্যান্য বিভাগও যেন তা অনুসরণ করে সেজন্য পানি সম্পদ মন্ত্রণালয় থেকে পত্র প্রেরণের সুপারিশ করা হয়।

৪.৬ সরকারি ও বেসরকারি ব্যক্তি বা সংস্থা এবং বৃহৎ শিল্প ও বাণিজ্যিক খাতে ভূগর্ভস্থ পানি উত্তোলনকারীদের নিকট থেকে পানির মূল্য আদায়ের লক্ষ্যে ওয়ারপো কর্তৃক একটি নীতিমালা প্রণয়ন করে আগামী কারিগরি সভায় উপস্থাপন করতে হবে।

৪.৭ ওয়ারপো কর্তৃক প্রস্তাবিত প্রকল্প ছাড়পত্র ও অনাপত্তিপত্রসহ বিভিন্ন সেবা প্রদানের জন্য যে ফি আদায়ের প্রস্তাব করা হয়েছে তা ওয়ারপো পরিচালনা বোর্ডের পরবর্তী সভায় অনুমোদনের জন্য উপস্থাপনের সুপারিশ করা হলো।

৪.৮ জাতীয় পানি সম্পদ পরিষদ-এর নির্বাহী কমিটির ১৭তম সভায় গৃহীত সিদ্ধান্তসমূহ বাস্তবায়নের উদ্যোগ গ্রহণ করতে হবে এবং পরবর্তী কারিগরি সভায় বাস্তবায়ন অগ্রগতি অবহিত করতে হবে। পরবর্তীতে ত্রৈমাসিক ভিত্তিতে তা পানি সম্পদ মন্ত্রণালয়কে অবহিত করতে হবে এবং প্রতিটি বোর্ড সভা এবং করিগরি কমিটির সভায় উপস্থাপন করতে হবে।

৪.৯ পানি সম্পদ পরিকল্পনা আইন, ১৯৯২ এর ধারা ১১ এর উপধারা (১) এ উল্লিখিত কারিগরি কমিটির কার্যপরিধি পরিবর্ধন করে তার রূপরেখা পরবর্তী পরিচালনা বোর্ডের সভায় উপস্থাপনের জন্য সুপারিশ করা হয়।

৪.১০ বাংলাদেশ পানি আইন, ২০১৩ এর বিধানসমূহ বাস্তবায়নে আবশ্যকতা বিষয়টি বিবেচনায় নিয়ে পানি সম্পদ সংশ্লিষ্ট উন্নয়ন প্রকল্প প্রক্রিয়াকরণ ও বাস্তবায়নকালে Project Steering Committee (PSC)-তে পানি সম্পদ মন্ত্রণালয়ের প্রতিনিধি এবং Project Implementation Committee (PIC) এবং Project Evaluation Committee (PEC) তে পানি সম্পদ পরিকল্পনা সংস্থা (ওয়ারপো) এর প্রতিনিধি অন্তর্ভূক্তকরণের জন্য পানি সম্পদ মন্ত্রণালয় থেকে পরিকল্পনা মন্ত্রণালয়কে অনুরোধ করতে পারে। এ বিষয়ে পরবর্তী বোর্ড সভার দিক-নির্দেশনা গ্রহণ করতে হবে।

৪.১১ বাংলাদেশ পানি বিধিমালা, ২০১৮ এর তফসিলে সংযুক্ত ফরমসমূহ সহজতর ও সুনির্দিষ্ট করতে হবে।

৪.১২ ওয়ারপো-তে স্থাপিত জাতীয় পানি সম্পদ উপাত্তভান্ডার অধিকতর সমৃদ্ধ করার লক্ষ্যে বিভিন্ন সরকারি সংস্থাকে ডাটা শেয়ার করার অনুরোধ করে পত্র প্রেরণ করতে হবে এবং প্রযোজ্য ক্ষেত্রে ডাটা শেয়ারিং এগ্রিমেন্ট বা এমওইউ করতে হবে এবং ডাটাসমূহের গোপণীয়তা বজায় রাখতে হবে।

৫.০ সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

০৭/৬/২০২২

**শরিফা খান**
সদস্য (সচিব)
কৃষি, পানি সম্পদ ও পল্লী প্রতিষ্ঠান বিভাগ
পরিকল্পনা কমিশন ও
চেয়ারম্যান, ওয়ারপো কারিগরী কমিটি

# পানি সম্পদ পরিকল্পনা আইন, ১৯৯২ এর ধারা ১১ মোতাবেক গঠিত কারিগরী কমিটির ৪র্থ সভায় উপস্থিতির তালিকা

| | | |
|---|---|---|
| সভাপতি | : | জনাব শরিফা খান, সদস্য (সচিব), কৃষি, পানি সম্পদ ও পল্লী প্রতিষ্ঠান বিভাগ পরিকল্পনা কমিশন |
| সভার তারিখ | : | ৩১ মে ২০২২ খ্রিস্টাব্দ, রোজ মঙ্গলবার |
| সময় | : | সকাল ১১:০০ ঘটিকা |
| স্থান | : | ওয়ারপো সম্মেলন কক্ষ (ওয়ারপো ভবন, ৭২, গ্রিন রোড, ঢাকা) |

| ক্রম নং | কর্মকর্তা নাম, পদবী ও দপ্তর | উপস্থিতির স্বাক্ষর |
|---|---|---|
| ১। | মোঃ মনোয়ার হোসেন, মহাপরিচালক, ওয়ারপো | [signature] ৩১/৫/22 |
| ২। | মোঃ সাইদুর রহমান [illegible] | [signature] |
| ৩। | ড. শেখ মোঃ বখতিয়ার নির্বাহী চেয়ারম্যান বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল | [signature] |
| ৪। | ড. জিয়া উদ্দীন বেগ, [illegible] অতি: [illegible] | [signature] ৩১/০৫/22 |
| ৫। | | |
| ৬। | মো: আরিফ উদ্দিন ঊর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা (পরিবীক্ষণ ও মূল্যায়ন) | Arif Uddin |
| ৭। | মোহাম্মদ মাসুদ আলম মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা (পরিবীক্ষণ ও মূল্যায়ন) | |